



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/17/2022

গভর্নর ক্যাথি হোকল

পাঁচ থেকে 11 বছরের শিশুদের জন্য প্রথম বুস্টার ডোজ অনুমোদন করার বিষয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আজ ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের (Food and Drug Administration) বিখ্যাত শিশু স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং চিকিৎসকরা পাঁচ থেকে 11 বছর বয়সীদের জন্য প্রথম কোভিড-19 টিকা অনুমোদন করেছেন। আমি জানি এটি বিশেষভাবে নিউ ইয়র্ক জুড়ে বাবা-মা এবং অভিভাবকদের জন্য স্বাগত খবর যারা তাদের সন্তানদের কোভিড-19 এর ফলে গুরুতর অসুস্থতার বিরুদ্ধে সুরক্ষার সেই অতিরিক্ত স্তর প্রদান করার জন্য ধৈর্য ধরে অপেক্ষা করেছেন যা বুস্টার ডোজ প্রদান করে। রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রগুলির সুপারিশ মেনে নিউ ইয়র্ক এই নতুন যোগ্য জনসংখ্যাকে বুস্টার প্রদান করার জন্য প্রস্তুত থাকবে।

"বুস্টার সব জায়গায় পাওয়া যাচ্ছে, বিনামূল্য এবং নিরাপদে। এবং, যখন নিউ ইয়র্কবাসীদের কোভিড-19 থেকে সুরক্ষিত করার কথা আসে, সেগুলি আমাদের প্রতিরক্ষার সেরা উপায় হিসেবে অব্যাহত রয়েছে। তাও, যোগ্য নিউ ইয়র্কবাসীদের মধ্যে মাত্র অর্ধেক বুস্টার নেওয়ায় আমাদের প্রয়োজন এই যে আরো নিউ ইয়র্কবাসী - প্রাপ্তবয়স্ক ও শিশু সমানভাবে - এই প্রাণ রক্ষাকারী সরঞ্জামের সুবিধা গ্রহণ করেন।

"অতএব, বাবা-মা এবং অভিভাবকদের জন্য আমার বার্তা এই যে এই অত্যন্ত সুসংবাদের পরেই, আসুন আমরা আমাদের শিশুদের জন্য একটি উদাহরণ স্থাপন করি। বুস্টার নিন, তারপর যোগ্য হওয়া মাত্র আপনার শিশুদের বুস্টার দেওয়ান। বর্তমান সময়ের থেকে আরো ভালো সময় আর হয় না, যাতে আমাদের শিশুরা কোভিড-19 ের বিরুদ্ধে সুরক্ষিত থাকে যখন তারা গ্রীষ্মের ছুটির দিকে চলেছে এবং আসন্ন স্কুল বর্ষের জন্য প্রস্তুত হচ্ছে।

"রাজ্য স্তরে, আমরা এই সরঞ্জামগুলি সকল নিউ ইয়র্কবাসীদের জন্য যাতে উপলব্ধ থাকে সে বিষয়টি নিশ্চিত করা অব্যাহত রাখবো যখন আমরা এই মহামারীর মধ্য দিয়ে নিরাপদে অগ্রসর হতে পারি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418